

# ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক পিএলসি

জুবিলী রোড শাখা, চট্টগ্রাম।

অর্থস্বার্থ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব ফজল করিম, পিতা - মৃত গোলাম রব্বানী, মাতা - রহিমা বেগম, প্রো: জি আর এক্সপো ইন্টারন্যাশনাল, ব্যবসায়িক ঠিকানা - হোটেল সোবহান বিল্ডিং, ৪র্থ তলা, ১০৮ স্টেশন রোড, চট্টগ্রাম, ডাকঘর-জিপিও, থানা-কোতোয়ালী, জেলা-চট্টগ্রাম বর্তমান ঠিকানা - গেইট অফ রুহাং, ৩য় তলা, ২০ - রাবেয়া রহমান লেইন, পুরাতন বিমান অফিস, কাজীর দেউরী, ডাকঘর - জিপিও, থানা - কোতোয়ালী, জেলা - চট্টগ্রাম, সিটি কর্পোরেশন, চট্টগ্রাম স্থায়ী ঠিকানা - নুর আলী মাস্টারের বাড়ী, দক্ষিণ বাড়ীঘোনা, বাড়ীঘোনা, ৯ নং ওয়ার্ড, ডাকঘর - মাদার্শা - ৪৩৩৬ থানা - হাটহাজারী, জেলা - চট্টগ্রাম কর্তৃক ইউসিবি জুবিলী রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্তমোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১২.২০২২ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ওভারড্রাফট (জেনারেল) : ১,২০,২৬,৭৩৫.৯৬ টাকা এবং ট্রাম লোন : ৭,৮০,১৬৮.৯৪ টাকা, মোট ১,২৮,০৬,৯০৪.৯০ (এক কোটি আটশ লক্ষ ছয় হাজার নয় শত চার টাকা নব্বই পঁয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা - চট্টগ্রাম, থানা - ডবলমুড়ি, মৌজা - আসকারাবাদ, জে এল বি এস মতে ১১, আর এস খতিয়ান নং ১৩০, আর এস দাগ - ২৯৯, বি এস খতিয়ান নং ৩৫৬, বি এস দাগ নং ৭২৯, বি এস নামজারী খতিয়ান নং ১০০২, বি এস নামজারী দাগ নং ৭২৯ সম্পত্তির পরিমাণ ২.৯৩ ডেসিমেল জমি সহ ৪র্থ তলা ইমারত।

## নিলামের শর্তাবলী

১। আগামী ১২/০৩/২০২৩ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লি: জুবিলী রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে - অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লি: জুবিলী রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তি জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিঃস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিস্ট্রেশন ফি, ষ্টাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন / পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি / পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, জুবিলী রোড শাখা, চট্টগ্রাম।